সমকাল

তারিখ ··25 NOV 2017···
পৃষ্ঠা ····· কলাম ·····

### শাবিতে ভর্তি পরীক্ষায় অনিয়ম

# ফল পরিবর্তনের বিষয় অস্বীকার কমিটির সভাপতির

■ শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ভর্তি পরীক্ষা না দিয়েই এক শিক্ষার্থীর নাম মেধা তালিকায় আসার বিষয়টি নিয়ে কোনো ব্যাখ্যা দেয়নি কর্তৃপক্ষ। আশরাফুজ্জামান ইমন নামে ওই শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে বিষয়টি জানালেও এ নিয়ে কেউ কোনো মন্তব্য করেননি। শুধু বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট থেকে ওই শিক্ষার্থীর নাম সরিয়ে নেওয়া হয়। তবে ফলে কোনো পরিবর্তনের কথা অস্বীকার করেছেন ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি অধ্যাপক মোহাম্মদ আবদুল গনি। ওয়েবসাইটে পরিবর্তিত ফলের বিষয়ে জানতে চাইলে তিনি জানান, ভর্তি কমিটি সম্পূর্ণ স্বচ্ছতার সঙ্গে এ বিষয়ে কাজ করছে। এ ছাড়া তিনি আর কোনো মন্তব্য করতে রাজি হননি। গতকাল শুক্রবার সমকালে 'শাবিতে নানা অনিয়ম : পরীক্ষা না দিয়েই ভর্তির সুযোগ!' শিরোনামে সংবাদ প্রকাশ হলে বিষয়টি নিয়ে ক্যাম্পাসে আলোড়ন সৃষ্টি হয়।

এদিকে কাউকে না জানিয়ে ফলের এই পরিবর্তন নিয়ম-বহির্ভূত বলে মনে করছেন ভর্তি কমিটির অন্য সদস্যরা। কমিটির সদস্য অধ্যাপক ড. এ এইচ এম বেলায়েত হোসেন বলেন, 'পরীক্ষা কমিটির সদস্যদের নিয়ে সভা না করে ফল পরিবর্তনের কোনো সুযোগ নেই। মূল কমিটির একজন হিসেবে ফল পরিবর্তনের কোনো তথ্যই আমি জানি না। কমিটির বৃহস্পতিবারের সভায় এ বিষয়ে কোনো কথাও হয়নি।' কমিটির অন্য সদস্যরাও কোনো ব্যাখ্যা ছাড়া ফল পরিবর্তনের খবরে বিস্ময় প্রকাশ করেন।